# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

নির্বাহী প্রকৌশলীর দপ্তর
রংপুর পওর বিভাগ
বাপাউবো, রংপুর।
টেলিঃ ০২৫৮৯৯৬২৭১৪ (অফিস)
email:xen.rangpur@gmail.com

স্মারক নং-৪২.০১.৮৫০০.১৬২.৩৫.০০২.২৩-২৯২৫ তারিখ ঃ ২০-০৭-২০২৩ খ্রিঃ।

## "সীমিত দরপত্র পদ্ধতিতে ঠিকাদার তালিকাভুক্তি/নবায়নের বিজ্ঞপ্তি"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রংপুর পওর বিভাগ, বাপাউবো, রংপুর দপ্তরে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতি **(LTM)** এর আওতায় অনধিক ০৩ (তিন) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ ক্রয় কার্য ও ২৫(পঁচিশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২৩-২০২৪ ইং অর্থ বছরের জন্য ঠিকাদার তালিকাভুক্ত / নবায়ন করা হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকার স্মারক নং-৪২.০১.০০০.০০৫.২২.০০৩.১৫.১৩৪, তারিখঃ ২০/০৭/২০২০ খ্রিঃ মোতাবেক নির্ধারিত আবেদন উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, রংপুর এর অনুকূলে ৫০০.০০ (পাঁচশত) টাকার অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ও প্রয়োজনীয় কাগজপত্রসহ আগামী ৩১/০৮/২০২৩ খ্রিঃ তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে নিম্ন ছকে বর্ণিত কাগজপত্রাদি সহ অত্র দপ্তরের সাধারণ শাখায় জমা করার জন্য বলা হলো। নির্ধারিত তারিখ ও সময়ের পর তালিকাভুক্তি ফরম বিক্রয় ও আবেদন গ্রহণ করা হবে না।

১। ঠিকাদার তালিকাভুক্তি আবেদনের তফসিল ঃ

| ক্রঃ নং | ফরম বিক্রয় আরম্ভের তারিখ | ফরম বিক্রয়ের শেষ তারিখ | তালিকাভুক্তির আবেদন গ্রহণের শেষ সময় |
|---|---|---|---|
| ১। | ২০-০৭-২০২৩ খ্রিঃ | ৩১-০৮-২০২৩ খ্রিঃ | ৩১-০৮-২০২৩ খ্রিঃ তারিখ বিকাল ৪.০০ ঘটিকার |

২। ঠিকাদার তালিকাভুক্তি আবেদনের তফসিল ঃ

| | |
|---|---|
| আবেদনকারীর যোগ্যতা | ১। বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স, ২। ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট, ৩। ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট, ৪। জাতীয় পরিচয়পত্র, ৫। পাসপোর্ট সাইজের ০৩ কপি ছবি, ৬। অথোরাইজেশন লেটার। |
| আবেদন ফি | ৫০০.০০ (পাঁচশত) টাকার (ভ্যাট ব্যতীত) অফেরযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, রংপুর বরাবর। |
| তালিকাভুক্তিকরণ ফি | ৫০০০.০০ (পাঁচহাজার) টাকা ও ১৫% ভ্যাট বাবদ ৭৫০ (সাতশত পঞ্চাশ) টাকার অফেরযোগ্য পৃথক দুটি পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, রংপুর বরাবর। |

৩। ঠিকাদার নবায়নের তফসিল ঃ

| | |
|---|---|
| আবেদনকারীর যোগ্যতা | ১। নির্ধারিত আবেদনপত্র, ২। বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স, ২। ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট। |
| নবায়ন ফি | নবায়ন ফি ২০০০/-(দুই হাজার) টাকা ও সরকার নির্ধারিত ফি অতিরিক্ত ১৫% হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৩০০/- (তিনশত) টাকার অফেরযোগ্য পৃথক দুটি পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, রংপুর এর অনুকূলে। |
| আবেদনের সময়সীমা | ৩১-০৮-২০২৩ খ্রিঃ তারিখ বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত (সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ব্যতীত)। |

উল্লেখ্য যে, ক্রয়কারী কর্তৃপক্ষ (Procuring Entry) আবেদনকারীদের আবেদনপত্র যাচাই বাছাই সাপেক্ষে কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদন গ্রহণ বা বাতিল করার ক্ষমতাবান এবং ঠিকাদার/সরবরাহকারী প্রতিষ্ঠানের সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) টেন্ডারে অংশগ্রহণের জন্য e-Gp Registration থাকা আবশ্যক।

স্বাঃ
(মোঃ রবিউল ইসলাম)
আইডি নং-৮৭০৬১৫০০১
নির্বাহী প্রকৌশলী

স্মারক নং-৪২.০১.৮৫০০.১৬২.৩৫.০০২.২৩-২৯২৫(১১) তারিখ ঃ ২০-০৭-২০২৩ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১। প্রধান প্রকৌশলী, উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রংপুর পওর সার্কেল-১, বাপাউবো, রংপুর।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা।
৪। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বিজ্ঞপ্তিটি জাতীয় পর্যায়ে বহুল প্রচারিত ১ টি বাংলা ও ১ টি ইংরেজী পত্রিকায় এবং রংপুর জেলায় প্রকাশিত একটি পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সেন্ট্রাল আইসিটি সেল, প্রধান প্রকৌশলী, মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬। উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, রংপুর।
৭। উপ-বিভাগীয় প্রকৌশলী, রংপুর পওর উপ-বিভাগ-১/২ ও কিশোরগঞ্জ পওর উপ-বিভাগ-১, বাপাউবো, রংপুর।
৮। প্রাক্কলনিক, রংপুর পওর বিভাগ, বাপাউবো, রংপুর।
৯। উচ্চমান সহকারী, রংপুর পওর বিভাগ, বাপাউবো, রংপুর। ঠিকাদার তালিকাভুক্তি করনের ফরম আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট যথানিয়মে বিতরন এবং আবেদন পত্র সমুহ গ্রহনের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য বলা হলো।
১০। নোটিশ বোর্ড/ অফিস কপি।

২০.০৭.২০২৩

নির্বাহী প্রকৌশলী
রংপুর পওর বিভাগ
বাপাউবো, রংপুর।